পররাষ্ট্র মন্ত্রণালয়
কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ

# অনানুষ্ঠানিক নোট

বিষয়ঃ **কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের মার্চ ২০২৩ মাসের মাসিক প্রতিবেদন**

সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের অনানুষ্ঠানিক নোট, নং-১৯.০০.০০০০.৮১০.১৬.০০২.২৩/২১ তারিখঃ ২৭ মার্চ ২০২৩

উপর্যুক্ত বিষয় এবং বরাতের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের ২০২৩ মার্চ মাসের মাসিক প্রতিবেদন এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

Iftekhar 04/04/23
(জি এম ইফতেখার)
সহকারী সচিব
(কনস্যুলার ও এমআরপি)

**সহকারী সচিব (গবেষণা)**

ইউও নোট নং-১৯.০০.০০০০.৫৩০.২৭.০০৫.২৩ /রিপোর্ট/০৩ তারিখঃ ০৪ এপ্রিল ২০২৩ খ্রিঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ**
**ঢাকা**

নং- ১৯.০০.০০০০.৫৩০.২৭.০০৫.২৩ ০৪ এপ্রিল ২০২৩

**বিষয়ঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের মার্চ ২০২৩-এর মাসিক প্রতিবেদন**

গত মার্চ ২০২৩ সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

**সমন্বয় সভার আয়োজনঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসগুলোতে পাসপোর্ট প্রক্রিয়াকরণ ও ডেলিভারি, পুলিশের বিশেষ শাখা কর্তৃক তদন্ত প্রতিবেদন, ই-পাসপোর্ট সেবা চালু, পাকিস্তান ও আফ্রিকান নাগরিকদের ভিসা ইস্যু, নো ভিসা রিকোয়ার্ড সিল, দ্বৈত নাগরিকত্ব সনদ এবং জন্ম-মৃত্যু নিবন্ধন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় নিয়ে ৩০ মার্চ ২০২৩ তারিখে ইথিওপিয়া, নাইজেরিয়া, কেনিয়া ও দক্ষিণ আফ্রিকায় অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার ও কল্যাণ) জনাব শাহ মোহাম্মদ তানভির মনসুর এর সভাপতিত্বে একটি সমন্বয় সভার আয়োজন করা হয়।

০২. **দলিলাদি সত্যায়নঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে বসবাসরত লক্ষ লক্ষ বাংলাদেশীর স্বার্থ সংরক্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে। এ অনুবিভাগ বিদেশ গমণেচ্ছু নাগরিকদের শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম/মৃত্যু সনদ, পুলিশ ক্লিয়ারেন্স সনদ, আমমোক্তারনামা সহ বিবিধ কাগজপত্রাদি প্রত্যয়ন করার পাশাপাশি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু ও রিইস্যু করে থাকে। এরই ধারাবাহিকতায় মার্চ -২০২৩ সময়ে কনস্যুলার শাখা কর্তৃক ১,৯৩,৩২৩ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

| নং | সেবার ধরণ/নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১. | পুলিশ ক্লিয়ারেন্স সনদ সত্যায়ন | ১,১৯,১৪৯ টি |
| ০২. | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন | ৫৭৫টি |
| ০৩. | আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই | ১৩৮ টি |
| ০৪. | শিক্ষা সনদ সত্যায়ন | ৩৭৮৯০ টি |
| ০৫ | বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি ) সত্যায়ন | ৩৫৫৭১ টি |
| | **মোট সেবার সংখ্যা** | **১,৯৩,৩২৩ টি** |

০৩. **ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ ইস্যুঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে আবেদনের প্রেক্ষিতে মার্চ ২০২৩ মাসে ৩৯৮ জন বিদেশী নাগরিকের বাংলাদেশে আগমনের ব্যাপারে মতামত প্রদান/ অনাপত্তি সনদ ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

০৪. **কূটনৈতিক পত্র ইস্যুঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কনস্যুলার শাখা বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তরের আবেদনের প্রেক্ষিতে সরকারি আদেশে বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রক্রিয়াকরণের নিমিত্ত মার্চ ২০২৩ মাসে ২৬৯ টি Note Verbale (কূটনৈতিক পত্র) এবং ২২৬ টি Letter of Introduction (পরিচিতি পত্র) ইস্যু করা হয়েছে।

০৫. **কূটনৈতিক পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র ক্যাডারভুক্ত কর্মকর্তা, কূটনৈতিক পাসপোর্ট প্রাপ্তির জন্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা কর্তৃক মার্চ ২০২৩ মাসে ৫০ টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু এবং ২৪ টি কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে।

০৬. **সার্ক ভিসা স্টিকার ইস্যুঃ** ইস্যুকৃত কূটনৈতিক পাসপোর্টে ৪৪ টি সার্ক ভিসা স্টিকার ইস্যু করা হয়েছে।

০৭. **অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা ০১ টি অফিসিয়াল পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ প্রদান করেছে এবং ০১ টি অফিসিয়াল পাসপোর্ট বাতিল করা হয়েছে। ।

০৮. **বাংলাদেশি নাগরিকগণের প্রত্যাবাসনঃ**

(ক) বিভিন্ন দেশ হতে ০৪ (চার) জন প্রবাসী বাংলাদেশি নাগরিকের মৃতদেহ আনার ব্যবস্থা করা হয়েছে।

(খ) বাংলাদেশি নাগরিকদের দেশে ফেরত আনার জন্য বাংলাদেশের বিভিন্ন মিশনে ৪৫ টি আবেদন প্রেরণ করা হয়েছে।

(গ) প্রত্যাবাসনের নিমিত্ত বিভিন্ন দেশে অবস্থানরত ৪১ জন বাংলাদেশি নাগরিকের নাগরিকত্ব যাচাই এর জন্য মিশন কর্তৃক প্রেরিত আবেদনপত্রসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত ২৬ জন বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব যাচাই রিপোর্ট বিভিন্ন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

(ঘ) লিবিয়া গমনেচ্ছু ০৬ জন বাংলাদেশি নাগরিকের ব্যাপারে অনাপত্তি সনদপত্র ইস্যু করা হয়েছে।

(ঙ) ইউরোপ থেকে SOP এর অধীনে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে ৬৬ জন বাংলাদেশি নাগরিককে দেশে প্রত্যাবাসনের ব্যাপারে সমন্বয় করা হয়েছে।

০৯. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান করা হয়েছে।

১০. এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ মিশনসমূহ তাদের অধিক্ষেত্রাধীন বাংলাদেশী প্রবাসী ও ডায়াসপোরাদের বিবিধ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করেছে।

**<u>এপ্রিল - ২০২৩ এর কর্ম-পরিকল্পনা</u>**

খ) নাগরিকত্ব যাচাই সাপেক্ষে বিভিন্ন দেশে আটকে পড়া আরো বাংলাদেশী নাগরিকদের প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

গ) বিভিন্ন দেশের জেলে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

ঘ) লিবিয়া সহ অন্যান্য দেশ হতে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে অনিয়মিত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসন করা হবে।

ঙ) বিদেশে মৃত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

চ) বাংলাদেশ মিশন কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন দলিলাদির সত্যায়ন

ছ) বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত মিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনাপত্তি সনদ ইস্যুকরণ

জ) কূটনৈতিক পাসপোর্ট, সার্ক ভিসা স্টিকার, পাসপোর্টের অনাপত্তি সনদ প্রদান/ ইস্যুকরণ

ঝ) এছাড়া কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের অন্যান্য রুটিন কার্যাবলী সম্পাদন

GIftekhar 04/04/23

(জি. এম. ইফতেখার)
সহকারী সচিব (কনস্যুলার ও এমআরপি)